

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২২, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ, ৭ ফাল্গুন ১৪১৩/১৯ ফেব্রুয়ারি ২০০৭

এস, আর, ও নং ২২-আইন/২০০৭।—যেহেতু, The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এবং (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র মন্ত্রণালয়ের ১৮-৫-২০০৬ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৭৯-আইন/২০০৬ দ্বারা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে যাহার মেয়াদ গত ১৭-১১-২০০৬ইং তারিখে শেষ হইয়াছে; এবং

যেহেতু, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৮-১১-২০০৬ইং তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক

উপ-সচিব(শ্রম)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫১২৩)

মূল্য : টাকা ২.০০